শ্রীশ্রীতারা
মায়ের
পূজা পদ্ধতি

# ॥ শ্রী শ্রী তারাপূজা পদ্ধতি ॥

পণ্ডিত শ্যামাচরণ ভট্টাচার্য্য
সঙ্কলিত

# সূচীপত্র

—সূচীপত্র সমাপ্ত—

# শ্রীশ্রীতারাপূজা পদ্ধতি

**প্রয়োগ**—পূজক হস্তপদাদি প্রক্ষালনপূর্বক রক্তবর্ণ বস্ত্র ও রুদ্রাক্ষমাল্যাদি ধারণপূর্বক পূজাস্থানে আগমন করিবেন। প্রথমে সাধক সংযতমনা হইয়া আপন ইষ্টদেবতার ধ্যান, ইষ্টমন্ত্র যথাশক্তি জপ এবং স্তোত্রাদি পাঠপূর্বক দেবীর গৃহদ্বারে অর্থাৎ পূজামণ্ডপে আগমন করিয়া—"ওঁ বজ্রোদকে হুং ফট্ স্বাহা" মন্ত্রে আসনে কুশোদক দিয়া উত্তরাস্যে আসনে উপবেশন করিবেন। অতঃপর হস্তপদ প্রক্ষালন মন্ত্রে হস্তপদ প্রক্ষালন করিবেন। যথা—"ওঁ দেবি ত্বং প্রাকৃতং চিত্তং পাপাক্রান্তমভূন্মম। তন্নিসারয় চিত্তাম্মে পাপং হুং ফট্ চ তে নমঃ॥ ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ মহাভূতানি পঞ্চ বৈ। এতে শুভাশুভস্যেহং কর্মণো নবসাক্ষিণঃ॥"*

**আচমন**—গোকর্ণাকৃতি হস্তে মাষমগ্ন পরিমাণ জলগ্রহণ করিয়া—"ওঁ হ্রীং হ্রীং হুং আত্মতত্ত্বায় স্বাহা। ওঁ হ্রীং হ্রীং হুং বিদ্যাতত্ত্বায় স্বাহা। ওঁ হ্রীং হ্রীং হুং শিবতত্ত্বায় স্বাহা॥"

অনন্তর স্বস্তিবাচন করিবেন।

**স্বস্তিবাচন**—বামহস্তে তাম্রাদি পাত্রে আতপ তণ্ডুল গ্রহণ করিয়া দক্ষিণ হস্তদ্বারা আচ্ছাদনপূর্বক

---

* পুনরা পূর্বমুদ্ধৃতা লজ্জাবীজং ততঃপর চ। ততো বিত্তান্তে সর্বপাপানি শময়েত্তম্॥ অশেষান্তে বিকারং স্যাৎ অপরোক্তি ততঃ পরম্। কূর্চবীজং ততো মন্ত্রং পাদ প্রক্ষালনে প্রিয়ে।—ইতি শ্যামারহস্যধৃত কুমারীকল্পবচনম্।

মন্ত্রপাঠ করিবেন। যথা—"ওঁ কর্তব্যেঽস্মিন্ গণেশাদি নানাদেবতা পূজাপূর্বক শ্রীশ্রীতারাদেব্যাঃ সপরিবারান্ আবাহনপূর্বক পূজাকর্মণি ওঁ পুণ্যাহং ভবন্তোঽধি ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তোঽধি ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তোঽধি ব্রুবন্তু। ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহম্॥"

"ওঁ কর্তব্যেঽস্মিন্ গণেশাদি নানাদেবতা পূজাপূর্বক শ্রীশ্রীতারাদেব্যাঃ সপরিবারন্ আবাহনপূর্বক পূজাকর্মণি ওঁ স্বস্তি ভবন্তোঽধি ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তোঽধি ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তোঽধি ব্রুবন্তু। ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি॥"

"ওঁ কর্তব্যেঽস্মিন্ গণেশাদি নানাদেবতা পূজাপূর্বক শ্রীশ্রীতারাদেব্যাঃ সপরিবারন্ আবাহনপূর্বক পূজাকর্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তোঽধি ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তোঽধি ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তোঽধি ব্রুবন্তু। ওঁ ঋদ্ধ্যতাম্, ওঁ ঋদ্ধ্যতাম্, ওঁ ঋদ্ধ্যতাম্॥ ওঁ হ্রীঁ হং স্বস্তি নঃ কাত্যায়নী অপর্ণাশ্রবা স্বস্তি নঃ কালী মেধামৃতময়ী হুং স্বস্তি ন প্রত্যঙ্গিরাদেবতা দধাতু। হ্রীঁ হ্রীঁ স্বস্তি।"*

**স্বস্তিসূক্ত**—"ওঁ সর্বাশ্চ দেবাশ্চ বিভীতকঞ্চ প্রজ্ঞাতাং মেরু সুবর্ণদাত্রী। কালোদ্ধ মা মা সকেন্দ্রিয়াং শ্রিয়ো বিভিক্তরাগায় পুনর্ভবায় বৈ॥" অতঃপর করযোড়ে সাক্ষ্যমন্ত্র পাঠ করিবেন।

**সাক্ষ্যমন্ত্র**—"ওঁ সূর্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃক্ষপাঃ। পবনো দিক্‌পতির্ভূমিরাকাশং খচরামরাঃ। ব্রাহ্ম্যং শাসনমাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিম্॥"

**সঙ্কল্প**—তাম্রপাত্রে (কুশীতে) তিল, ফল (হরীতকী), ত্রিপত্র, রক্তবর্ণ পুষ্প, আতপ তণ্ডুল লইয়া

---

* তান্ত্রিক স্বস্তিবাচনম্, যথা—"হ্রীঁ হং স্বস্তি নঃ কাত্যায়নী অপর্ণাশ্রবা স্বস্তি নঃ কালী হ্রৌঁ মেধা অমৃতময়ী হং স্বস্তি নঃ প্রত্যঙ্গিরা দেবতা দধাতু হ্রীঁ হ্রীঁ হং ফট্ স্বাহা।"

বামহস্তে রাখিয়া দক্ষিণহস্তে আচ্ছাদনপূর্বক পাতিত দক্ষিণজানু হইয়া উত্তরাস্যে সঙ্কল্পবাক্য পাঠ করিবেন। যথা—"ওঁ বিষ্ণুরোম্ তৎসৎ অদ্য অমুকেমাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকেপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা (পরার্থে—অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্মণঃ) অমুক কামনাসিদ্ধয়ে, গণেশাদি নানাদেবতা পূজাপূর্বক শ্রীশ্রীতারাদেব্যাঃ সপরিবারান্ আবাহনপূর্বক সঙ্কল্পসিদ্ধয়ে শ্রীশ্রীতারাদেব্যাঃ পূজা-জপ-বলিদান হোমমহং করিষ্যে। (পরার্থে—করিষ্যামি)।" সঙ্কল্পান্তে কুশিটির জল ঈশানকোণে কিঞ্চিৎ ফেলিয়া কুশিটি তাম্রটাটে উপুড় করিয়া দিয়া করযোড়ে সূক্তমন্ত্র পাঠ করিবেন।

**সূক্তমন্ত্র**—"ওঁ ইন্দ্রাদ্যানো বিবেশী পুষ্টাং মা কৃণোতি সতাং সিদ্ধধ্বং প্রহিতা মমরোভিঃ স্বর্গ মাদধৎ কৃষ্ণায়ুর্দেব ওহতে॥"

**বরণ**—কর্তা স্বয়ং পূজা করিতে অসমর্থ হইলে পূজক ও তন্ত্রধারক নিয়োগ করিবেন। নিয়োগের পূর্বে ইহাদের বরণ করিতে হয়। এই বরণকার্যটি পূজক পূজার আসনে বসিবার পূর্বেই সমাধা করিবেন। পূর্বে আচমন হইতে সঙ্কল্প পর্যন্ত কার্য পূজকের, ইহা বরণকর্তার নহে।

**বিধি**—যজমান পূর্বাস্যে এবং পূজক উত্তরাস্যে বসিবেন। অতঃপর পূজক যজমানকে আচমন, বিষ্ণুস্মরণ, জলশুদ্ধি, আসনশুদ্ধি ইত্যাদি করাইয়া (ব্রাহ্মণ, শূদ্র, স্ত্রী প্রভৃতি অধিকারী অনধিকারী বিচারপূর্বক গায়ত্রী, ইষ্টমন্ত্র প্রভৃতি দশবার জপ করাইয়া তাম্রটাটে (ব্রাহ্মণ পক্ষে—শালগ্রাম শিলায়) গন্ধপুষ্প দ্বারা পূজা করাইবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ গণেশায় নমঃ।" এইক্রমে—"ওঁ শ্রীগুরবে নমঃ। ওঁ শ্রীসূর্য্যায় নমঃ। ওঁ বিষ্ণবে নারায়ণায় নমঃ। ওঁ শিবায় নমঃ। ওঁ দুর্গায়ৈ নমঃ।

ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ। ওঁ ইন্দ্রাদি দশদিকপালেভ্যো নমঃ। ওঁ মৎস্যাদি দশাবতারেভ্যো নমঃ। ওঁ কাল্যাদি দশমহাবিদ্যাভ্যো নমঃ। ওঁ ইষ্টদেবতায়ৈ নমঃ। ওঁ বাস্তুদেবতায়ৈ নমঃ। ওঁ গ্রাম্য দেবদেবীভ্যো নমঃ। ওঁ সর্বেভ্যো দেবদেবীভ্যো নমঃ।" (ব্রাহ্মণ না হইলে "ওঁ" শব্দের পরিবর্তে "নমঃ" বলিবেন।)

অতঃপর কর্তা করযোড়ে ব্রাহ্মণকে প্রশ্ন করিবেন—"ওঁ সাধুভবানাস্তাম্।" ব্রাহ্মণ বলিবেন—"ওঁ সাধ্বহমাসে।" কর্তা—"ওঁ অর্চয়িষ্যামো ভবন্তম্।" ব্রাহ্মণ—"ওঁ অর্চয়।" অতঃপর কর্তা গন্ধপুষ্প, বস্ত্রাঙ্গুরীয়, যজ্ঞোপবীতাদি লইয়া—"এতানি গন্ধপুষ্প-বস্ত্রাঙ্গুরীয়-যজ্ঞোপবীতানি ওঁ পূজক ব্রাহ্মণায় (তন্ত্রধারক হইলে—তন্ত্রধারক ব্রাহ্মণায়) নমঃ।" মন্ত্রে ব্রাহ্মণকে দিলে ব্রাহ্মণ বা তন্ত্রধারক—"ওঁ স্বস্তি" বলিয়া গ্রহণ করিবেন। অতঃপর যজমান দক্ষিণহস্তে কিঞ্চিৎ আতপ তণ্ডুল লইয়া বামহস্ত দক্ষিণহস্তে স্পর্শ করাইয়া ব্রাহ্মণের দক্ষিণজানু ধারণপূর্বক বরণবাক্য পাঠ করিবেন। যথা—"বিষ্ণুরোম্ তৎসদদ্য (শূদ্রপক্ষে—"বিষ্ণুর্নমোঽদ্য) অমুকেমাসি অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা (শূদ্রপক্ষে—শ্রীঅমুক দাসঃ) মৎসংকল্পিত শ্রীশ্রীতারাদেব্যাঃ পূজক অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্মাণং গন্ধাদি-কর্মকরণায় (তন্ত্রধারক পক্ষে—তন্ত্রধারক কর্মকরণায়) অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্মাণং গন্ধাদি-ভিরভ্যর্চ ভবন্তমহং বৃণে।" ব্রাহ্মণ—"ওঁ বৃতোঽস্মি।" অতঃপর যজমান করযোড়ে বলিবেন—"ওঁ যথাবিহিত পূজককর্ম (তন্ত্রধারক পক্ষে—তন্ত্রধারককর্ম কুরু।" ব্রাহ্মণ—"ওঁ যথাজ্ঞানং করবাণি।" এইরূপে বরণকার্য সমাধা করিয়া পূজক ও তন্ত্রধারক স্ব স্ব আসনে বসিয়া আচমনাদি কর্মগুলি (পৃঃ ৭, ২য় পং হইতে পৃঃ ৯ পর্যন্ত ক্রমানুসারে পূর্বোল্লিখিত অনুযায়ী কার্য্য সমাধা করিয়া পঞ্চগব্য

শোধন করিবেন।

**পঞ্চগব্য শোধন**—দেবীর মূলমন্ত্র ও দেবীর গায়ত্রী পাঠপূর্বক শোধন করিবেন। মন্ত্র, যথা—"হ্রীং হ্রীং হুং ফট্।" গায়ত্রী—"ভগবতোকজাটে বিদ্মহে বিকটদংষ্ট্রে ধীমহি তন্নস্তারে প্রচোদয়াৎ।" অতঃপর শোধিত পঞ্চগব্য সমস্ত পূজাদ্রব্যাদিতে প্রক্ষেপপূর্বক সামান্যার্ঘ্য স্থাপন করিবেন।

**সামান্যার্ঘ্য স্থাপন**—সম্মুখের ভূমিতে ত্রিকোণমণ্ডল, তদুপরি বৃত্ত, তন্মধ্যে চতুরস্রমণ্ডল এবং ত্রিকোণ মধ্যে "হুং" বীজ জলদ্বারা লিখিয়া তদুপরি পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ কূর্মায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ পৃথিব্যৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ অনন্তায় নমঃ॥" মন্ত্রে পূজা করিয়া—"ফট্" মন্ত্রে কোশা প্রক্ষালনপূর্বক আধারে

অঙ্কুশমুদ্রা

ধেনুমুদ্রা

যোনিমুদ্রা

অবগুণ্ঠনমুদ্রা

মৎস্যমুদ্রা

স্থাপনপূর্বক—"নমঃ" মন্ত্রে কোশা জলপূর্ণ করিয়া—"ওঁ" মন্ত্রে বিল্বপত্র, দূর্বা, রক্তচন্দন ও পুষ্পাদি দ্বারা কোশাতে অর্ঘ্য সাজাইয়া—"ওঁ হুং ফট্" মন্ত্রে কোশায় সচন্দন পুষ্প দিয়া কোশার জলে তীর্থাবাহন করিবেন।

মন্ত্র, যথা—"ওঁ হ্রীং ফট্ গঙ্গে চ যমুনেচৈব গোদাবরি সরস্বতি। নর্মদে সিন্ধো কাবেরি জলেহস্মিন সন্নিধিং কুরু॥" অতঃপর—"এতে গন্ধপুষ্পে ওঁ জলায় নমঃ।" মন্ত্রে জলে গন্ধপুষ্প দিয়া "হুং" মন্ত্রে অবগুণ্ঠনমুদ্রা "বং" মন্ত্রে ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ করিয়া, যোনিমুদ্রা জলে প্রদর্শনপূর্বক মৎস্য-মুদ্রা দ্বারা আচ্ছাদন করতঃ তদুপরি "ওঁ হ্রীং ফট্।" মূলমন্ত্র জপ করিয়া "ফট্" মন্ত্রে ঐ জলদ্বারা পূজোপকরণ অভ্যুক্ষণ করিয়া দ্বারপূজা করিবেন।

**দ্বারপূজা**—"ফট্" মন্ত্রে দ্বারদেশ অভ্যুক্ষণ করিয়া আবাহন করিবেন—"ওঁ দ্বারদেবতাঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত, ইহতিষ্ঠত ইহতিষ্ঠত, ইহসন্নিধত্ত, ইহ সন্নিরুধ্যধ্বম, অত্রাধিষ্ঠানং কুরুতঃ, মম পূজাং গৃহ্নীত॥" মন্ত্রে আবাহনপূর্বক গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং গাং গণেশায় নমঃ। (স্ববামে)—ওঁ ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ। (দক্ষিণে)—ওঁ হ্রীং বাং বটুকায় নমঃ। (পশ্চিমে)—ওঁ হ্রীং লক্ষ্মীদেব্যৈ নমঃ। (উত্তরে)—ওঁ হ্রীং যাং যোগিনীভ্যো নমঃ। (অধঃ)—ওঁ হ্রীং যোগিনীভ্যো নমঃ। (ঈশানে)—ওঁ হ্রীং গাং গঙ্গায়ৈ নমঃ। (অগ্নিকোণে)—ওঁ হ্রীং যাং যমুনায়ৈ নমঃ। (নৈর্ঋতে)—ওঁ হ্রীং শ্রীং লক্ষ্ম্যৈ নমঃ। (বায়ুকোণে)—ওঁ হ্রীং ঐং সরস্বত্যৈ নমঃ। (মধ্যে)—ওঁ শ্মশানায় নমঃ। অতঃপর বিঘ্নাপসারণ করিবেন।

**বিঘ্নাপসারণ**—"ওঁ হ্রীং স্ত্রী ফট্" বা "হুং ফট্" মন্ত্রে দিব্যদৃষ্টি দ্বারা দিব্যবিঘ্ন। "অস্ত্রায় ফট্" মন্ত্রে অন্তরীক্ষের বিঘ্ন এবং ভূমিতে বামপদের গোড়ালী দ্বারা তিনবার আঘাত করিয়া ভৌমবিঘ্ন অপসারণ করিবেন। অতঃপর মাষভক্তবলি দিবেন।

**মাষভক্তবলি**—স্ববামে জলদ্বারা নিম্নমুখ ত্রিকোণমণ্ডল করিয়া তদুপরি নতুন মাটির খুরিতে,

বিল্বপত্রে অথবা কদলীপত্রে আতপতণ্ডুল, মাষকলাই ও দধিমিশ্রিত করিয়া রাখিয়া ভূতগণের আবাহন করিবেন। যথা—"ওঁ ভূতাদয়ঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত, ইহতিষ্ঠত ইহতিষ্ঠত, ইহসন্নিধত্ত, ইহসন্নিরুধ্যধ্বম্, অত্রাধিষ্ঠানং কুরুতঃ, মম পূজাং গৃহ্নীত।" মন্ত্রে আবাহন্যাদি পঞ্চমুদ্রা দ্বারা আবাহন পূর্বক—"এতে গন্ধপুষ্পে ওঁ ভূতাদিভ্যো নমঃ।" মন্ত্রে গন্ধপুষ্প দিয়া বামহস্তে বলিদ্রব্য স্পর্শ করিয়া—"বং এতস্মৈ মাষভক্তবলয়ে নমঃ।" মন্ত্র তিনবার পাঠ করিয়া তিনবার কুশোদক অভ্যুক্ষণ করিয়া—"এতে গন্ধপুষ্পে ওঁ মাষভক্তবলয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ।" মন্ত্রে নারায়ণোদ্দেশে গন্ধপুষ্প দিয়া—"এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ ভূতাদিভ্যো নমঃ।" মন্ত্রে অর্চনা ও উৎসর্গ করিয়া করযোড়ে পাঠ করিবেন। যথা—"ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়া দত্ত বলিরেষ প্রসাধিতঃ॥ পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্বলি-ভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাৎ বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্॥" অতঃপর দক্ষিণহস্তে একগণ্ডূষ জল লইয়া—"ওঁ ভূতাদয় ক্ষমধ্বম্।" মন্ত্রে ভূমিতে দিয়া কিঞ্চিৎ শ্বেতসরিষা বা আতপ তণ্ডুল লইয়া "ফট্" মন্ত্রে সাতবার অভিমন্ত্রিত করিয়া মন্ত্র পাঠান্তে চতুর্দিকে বিকিরণ করিবেন। মন্ত্র, যথা—"ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতা। যে ভূতা বিঘ্নকর্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥ ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্বে চণ্ডিকাস্ত্রেণ তাড়িতাঃ॥ ওঁ ফট্, ওঁ ফট্, ওঁ ফট্॥" মন্ত্রে দশদিকে বিকিরণ করিবেন। অতঃপর আসনশুদ্ধি করিবেন।

আসনশুদ্ধি—প্রথমে—"ওঁ আঃ সুরেখে বজ্ররেখে হূং ফট্ স্বাহা।" মন্ত্রে আসনে গন্ধপুষ্প দিয়া আসন স্থাপনপূর্বক আসনের নিম্নে বামভাগে জলদ্বারা নিম্নমুখ ত্রিকোণমণ্ডল ও তদুপরি চতুষ্কোণ

মণ্ডল অঙ্কন করিয়া তদুপরি পূজা করিবেন। যথা—"ওঁ আধারশক্তি কমলাসনায় নমঃ।" এইরূপে
পূজান্তে উভয়হস্তে আসন স্পর্শ করিয়া মন্ত্রপাঠ করিবেন। যথা—"ওঁ অস্য আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষি
সুতলং ছন্দঃ কূর্মোদেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ। ওঁ পৃথ্বিত্বয়া ধৃতা লোকাঃ দেবি ত্বং
বিষ্ণুনাধৃতা। ত্বঞ্চধারয় মাং নিত্যং পবিত্রং কুরুচাসনম্॥" অতঃপর গুরুপংক্তি প্রণাম করিবেন।

**গুরুপংক্তি প্রণাম**—(বাম কর্ণোর্দ্ধে) "ওঁ ঐং গুরুভ্যো নমঃ। ওঁ ঐং পরমগুরুভ্যো নমঃ। ওঁ ঐং পরাপর গুরুভ্যো নমঃ। ওঁ ঐং পরমেষ্ঠি গুরুভ্যো নমঃ। (দক্ষিণ কর্ণোর্দ্ধে)—ওঁ গণেশায় নমঃ। (ঊর্দ্ধদেশে)—ওঁ ব্রহ্মণে নমঃ। (অধঃ)—ওঁ অনন্তদেবায় নমঃ। ওঁ বাস্তুপুরুষায় নমঃ।
(সম্মুখে)—শ্রীমদেকজটা তারা দেবতায়ৈ নমঃ।"

অতঃপর বস্ত্রাঞ্চলে মন্ত্রপাঠপূর্বক গ্রন্থিবন্ধন করিবেন। মন্ত্র, যথা—"ওঁ মণিধরি বজ্রিণি মহাপ্রতিসরে রক্ষ রক্ষ হূং ফট্ স্বাহা॥"

নারাচ মুদ্রা

**কায়বাক্ চিত্তশোধন**—আপন হৃদয়ে হস্ত দিয়া—"ওঁ আঃ হূং ফট্ স্বাহা।"

অতঃপর পুষ্পশোধন করিবেন।

**পুষ্পশোধন**—ভূমিতে নিম্নমুখ ত্রিকোণমণ্ডল এবং তাহার বাহিরে চতুষ্কোণ মণ্ডল অঙ্কন করিয়া পুষ্পদ্বারা মণ্ডল মধ্যে পূজা করিবেন। যথা—"ওঁ আধারশক্তিভ্যো নমঃ।" এই মন্ত্রে মণ্ডলে পূজা করিয়া তদুপরি পুষ্পপাত্র স্থাপন করিয়া পুষ্পে পূজনীয় দেবতার অধিষ্ঠান চিন্তা করিয়া, নারাচমুদ্রায় পুষ্প স্পর্শ করিয়া মন্ত্র পাঠ করিবেন। যথা—"ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে। পুষ্প চয়াবকীর্ণে চ হূং ফট্ স্বাহা॥" অতঃপর পুষ্পে "ফট্" মন্ত্রে "যং" এবং "রং"

মন্ত্রে কুশোদক দিয়া অতঃপর "হূং" মন্ত্রে চক্রাকারে অবগুণ্ঠন মুদ্রা দেখাইয়া মূলমন্ত্রে যোনিমুদ্রা দেখাইয়া পুষ্পে দশবার মূলমন্ত্র জপ করিবেন। অতঃপর করশোধন করিবেন।

**করশোধন**—একটি সচন্দন পুষ্প (রক্তবর্ণ) "হ্‌সৌঃ" মন্ত্রে দক্ষিণহস্তে লইয়া—"আং হূং ফট্ স্বাহা।" মন্ত্রে দুইহস্তে পেষণ করিয়া বামহস্তে লইয়া মূলমন্ত্রে এবং "ঐং" মন্ত্রে আঘ্রাণপূর্বক ঈশানকোণে নিক্ষেপ করিবেন। তৎপরে কায়াদি শোধন করিবেন।

**কায়াদি শোধন**—গোকর্ণাকৃতি দক্ষিণহস্তে মাষমগ্ন পরিমাণ জলগণ্ডূষ লইয়া—"ওঁ বজ্রোদকে হূং ফট্ স্বাহা।" মন্ত্রে উহা পান করিয়া স্বহৃদয়ে হস্ত দিয়া আত্মরক্ষা মন্ত্রপাঠ করিবেন। যথা—"ওঁ রক্ষ রক্ষ হূং ফট্ স্বাহা॥" অতঃপর ভূতশুদ্ধি করিবেন।

**ভূতশুদ্ধি**—'র' মিতি জলধারয়া আত্মানং বহ্নিপ্রাকারং বিচিন্ত্য ভূতশুদ্ধিং কুর্যাৎ। তদযথা—স্বাঙ্কে উত্তানৌ করৌ কৃত্বা সোঽহং ইতি হৃদয়স্থ জীবাত্মানং দীপকলিকাকারং মূলাধারাবস্থিত কুলকুণ্ডলিন্যা সহ সুষুম্না বর্ত্মনা মূলাধার-স্বাধিষ্ঠান-মণিপূরকানাহত-বিশুদ্ধাজ্ঞাখ্য ষটচক্রাণি ভিত্ত্বা শিরোঽবস্থিতাধোমুখ সহস্রদলকমলকর্ণিকান্তর্গত পরমাত্মনি সংযোজ্য, তত্রৈব পৃথিব্যাপ্তেজো-বায়্বাকাশ গন্ধ-রস-রূপ-স্পর্শ-শব্দ-নাসিকা-জিহ্বা-চক্ষু-ত্বক-শ্রোত্র-বাক-পাণি-পাদ-পায়ূপস্থ প্রকৃতি মনোবুদ্ধ্যহঙ্কাররূপ চতুর্বিংশতি তত্ত্বানি লীনানি বিচার্য দক্ষিণনাসাপুটং ধৃত্বা "যং" ইতি বায়ুবীজং ধূম্রবর্ণং বামনাসাপুটে বিচিন্ত্য, তস্য ষোড়শবার জপেন বায়ুনা দেহমাপূর্য্য বামনাসাপুটৌ ধৃত্বা, তস্য চতুঃষষ্ঠিবার জপেন কুম্ভকং কৃত্বা, বামকুক্ষিস্থ কৃষ্ণবর্ণং পাপপুরুষেণ সহ দেহং সংশোষ্য, ত্যক্ত্বা, তস্য দ্বাত্রিংশদ্বার জপেন দক্ষিণনাসয়া বায়ুং রেচয়েৎ। ততো দক্ষিণনাসাপুটে "রং" ইতি বহ্নিবীজং

রক্তবর্ণং ধ্যাত্বা, তস্য ষোড়শবার জপেন বায়ুনা দেহমাপূর্য্য নাসাপুটৌ ধৃত্বা, তস্য চতুঃষষ্টিবার জপেন কুম্ভকং কৃত্বা পাপপুরুষেণ সহ দেহং সংশোষ্য মূলাধারোত্থিত বহ্নিনা দগ্ধা, তস্য দ্বাত্রিংশদ্বার জপেন বামনাসয়া ভস্মনা সহ বায়ুং রেচয়েৎ। ততঃ "ঠং" ইতি চন্দ্রবীজং শুক্লবর্ণং ধ্যাত্বা বামনাসাং ধৃত্বা, তস্য ষোড়শবার জপেন ললাটস্থ চন্দ্রং নীত্বা নাসাপুটৌ ধৃত্বা "বং" ইতি বরুণবীজস্য চতুঃষষ্টিবার জপেন তাস্মাল্ললাটস্থ চন্দ্রাদ্‌গলিত সুধয়া মাতৃকাবর্ণাত্মিকয়া সমস্ত দেহং বিরচয্য "লং" ইতি পৃথ্বীবীজস্য দ্বাত্রিংশদ্বার জপেন দেহং সুদৃঢ়ং বিচিন্ত্য, দক্ষিণনাসয়া বায়ুং রেচয়েৎ। ততঃ "আং সোঽহং" ইতি মন্ত্রেণ জীবাত্মানং স্বহৃদয়মানীয় কুলকুণ্ডলিনীং পৃথিব্যাদিনি তত্ত্বানি যথাস্থানে স্থাপয়েৎ। ততঃ হংসঃ ইতি মন্ত্রেণ জীবাদিকং স্ব স্বস্থানে সংস্থাপ্য দেবরূপমাত্মানং বিচিন্তয়েৎ। ইত্যনেন প্রাণায়াম প্রকারেণ ভূতশুদ্ধিং কুর্য্যাৎ—ইতি বৃহৎ ভূতশুদ্ধি।

**ভূতশুদ্ধির ব্যাখ্যা**—"রং" মন্ত্রে জলধারা দ্বারা স্বীয় চতুর্দিকে বেষ্টনপূর্বক নিজেকে বহ্নিপ্রাকার চিন্তা করিয়া, উভয়হস্ত চিৎভাবে নিজের ক্রোড়ে রাখিয়া "সোঽহং" মন্ত্র উচ্চারণপূর্বক হৃদয়স্থ জীবাত্মাকে দীপশিখার ন্যায় চিন্তাপূর্বক কুলকুণ্ডলিনীর সহিত সুষুম্না পথে মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপুর, অনাহত, বিশুদ্ধ ও আজ্ঞা নামক চক্র। এই ষট্‌চক্র, যেমন—(চতুর্দল, ষড়দল, দশদল, দ্বাদশদল ষোড়শদল এবং দ্বিদল পদ্ম) ভেদপূর্বক শিরোপরি অবস্থিত অধোমুখ সহস্রদল পদ্মের কর্ণিকামধ্যস্থ পরমাত্মার সহিত সংযোগ করিয়া, তথায় দেহস্থিত পৃথিবী, জল, তেজ, বায়ু, আকাশ, গন্ধ, রস, রূপ, স্পর্শ, শব্দ, নাসিকা, জিহ্বা, চক্ষু, ত্বক, কর্ণ, বাক্, হস্ত, পদ, পায়ু, উপস্থ, প্রকৃতি, মন, বুদ্ধি, অহঙ্কার—এই চতুর্বিংশতি তত্ত্বকে বিলীন করিয়া অঙ্গুষ্ঠ দ্বারা বামনাসাপুট রুদ্ধ করিয়া,

"যং" এই বায়ুবীজ ধূম্রবর্ণ চিন্তা করিয়া প্রাণায়ামানুসারে ষোড়শবার জপপূর্বক বামনাসাপুট দ্বারা সমস্ত দেহ বায়ুদ্বারা পূরণ করিবেন। তারপর উক্ত "যং" বীজ চতুঃষষ্টি (৬৪) বার জপ করিতে করিতে কৃষ্ণবর্ণ পাপপুরুষের সহিত নিজদেহ শোষণ চিন্তা করিবেন। অতঃপর উক্ত "যং" বীজ দ্বাত্রিংশৎ (৩২) বার জপ করিতে করিতে বামনাসায় দগ্ধীভূত পাপপুরুষের ভস্ম সহ বায়ু ত্যাগ করিবেন। পরে "ঠং" এই চন্দ্রবীজ শুক্লবর্ণ চিন্তা করিয়া ষোড়শবার (১৬) বার জপ করিয়া পূর্ববৎ প্রাণায়ামক্রমে দেহে বায়ু পূরণ করিবেন। পরে "বং" এই বরুণবীজ চতুঃষষ্টি (৬৪) বার জপে কুম্ভক করিয়া ললাটে চন্দ্র আনিয়া চন্দ্রবিগলিত মাতৃকাবর্ণাত্মিকা সুধাদ্বারা সমস্ত দেহ পুনরায় রচনা করিবেন। অতঃপর "লং" এই পৃথ্বীবীজটিকে চিন্তাপূর্বক দ্বাত্রিংশৎ (৩২) বার জপান্তে দেহকে সুদৃঢ় চিন্তা করতঃ দক্ষিণ নাসাদ্বারা বায়ুত্যাগ করিবেন। অতঃপর "হংসঃ" এই মন্ত্রে জীবাত্মাকে পরমাত্মায় বিলীন চিন্তা করতঃ কুলকুণ্ডলিনীসহ চতুর্বিংশতি তত্ত্বকে স্ব স্ব স্থানে স্থাপন করিয়া নিজ দেহকে দেবীরূপ চিন্তা করিবেন। এইরূপে প্রাণায়াম ক্রমানুসারে ভূতশুদ্ধি করিবেন। বৃহৎ ভূতশুদ্ধির পরিবর্তে সংক্ষেপ ভূতশুদ্ধিও করিতে পারেন।

**সংক্ষেপ ভূতশুদ্ধি**—"রং" মন্ত্রে নিজের চতুর্দিকে জলধারা দিয়া নিজেকে বহ্নিপ্রাচীরের মধ্যে অবস্থিত চিন্তাপূর্বক উভয় নাসারুদ্ধ করিয়া নিম্নলিখিত চারটি মন্ত্র পাঠ করিতে করিতে দেবতাকে ভাবনা করিলেই সংক্ষেপ ভূতশুদ্ধি হইবে। মন্ত্র চতুষ্টয়, যথা—"ওঁ মূলশৃঙ্গাটাচ্ছিরঃ সুষুম্নাপথেন জীবশিবং পরমশিবপদে যোজয়ামি স্বাহা॥১॥"

"ওঁ যং লিঙ্গশরীরং শোষয় শোষয় স্বাহা॥২॥"

"ওঁ রং সঙ্কোচ শরীরং দহ দহ স্বাহা ॥৩॥"

"ওঁ পরমশিব সুষুম্নাপথেন মূলশৃঙ্গাট মুহ্লাসোল্লাস জ্বল জ্বল প্রজ্বল প্রজ্বল সোঽহং হংসঃ স্বাহা ॥৪॥"

অতঃপর প্রাণায়াম করিবেন।

**প্রাণায়াম**—প্রথমে দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠদ্বারা দক্ষিণ নাসারন্ধ্র রুদ্ধ করিয়া বামনাসায় "হ্রীং" বা মূলমন্ত্র ষোড়শবার (১৬) বার জপ করিতে করিতে শ্বাসগ্রহণ বা পূরক করিবেন। তৎপরে দক্ষিণহস্তের মধ্যমা ও অনামিকা দ্বারা বামনাসাও রুদ্ধ করিয়া শ্বাসরুদ্ধ করতঃ "হ্রীং" বা মূলমন্ত্র চতুঃষষ্টি বার (৬৪) বার জপ করিবেন, অর্থাৎ কুম্ভক করিবেন। তৎপরে দক্ষিণনাসা হইতে অঙ্গুষ্ঠ তুলিয়া "হ্রীং" বা মূলমন্ত্র দ্বাত্রিংশদ্বার (৩২) বার জপ করিতে করিতে দক্ষিণনাসায় শ্বাস ত্যাগ অর্থাৎ রেচক করিবেন। তৎপরে দক্ষিণনাসায় "হ্রীং" বা মূলমন্ত্র ষোড়শবার (১৬) বার জপ করিতে করিতে বায়ু পূরণ, উভয়নাসা রুদ্ধ করিয়া চতুঃষষ্টি বার জপ করিতে করিতে বায়ু রোধ, অতঃপর দ্বাত্রিংশদ্বার (৩২) বার জপ করিতে করিতে বামনাসায় বায়ু ত্যাগ, পুনরায় বামনাসায় ষোড়শবার (১৬) বার জপ করিতে করিতে বায়ু পূরণ, উভয় নাসারুদ্ধ করিয়া চতুঃষষ্টিবার জপ (৬৪) বার জপ করিতে করিতে শ্বাসরোধ এবং দ্বাত্রিংশদ্বার (৩২) বার জপ করিতে করিতে দক্ষিণনাসায় বায়ুত্যাগ করিবেন। এইরূপ তিনবার করিলেই প্রাণায়াম সিদ্ধ হয়। প্রাণায়াম পূরকে (১৬) বার, কুম্ভকে ৬৪ বার এবং রেচকে ৩২ বার করিতে হয়। অসামর্থ পক্ষে ১৬ বার স্থলে ৪ বার, ৬৪ বার স্থলে ১৬ বার, এবং ৩২ বার স্থলে ৮ বার করিলেও সিদ্ধ হয়। অতঃপর আত্মপ্রাণ প্রতিষ্ঠা করিবেন।

**আত্মপ্রাণ প্রতিষ্ঠা**—স্বহৃদয়ে দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ ও মধ্যমার অগ্রভাগ স্থাপনপূর্বক নিজেকে

দেবতারূপে চিন্তাপূর্বক পাঠ করিবেন। যথা—"ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং
হংসঃ মম শ্রীমদেকজটা তারা (নীলসরস্বতী তারা, উগ্রতারা বা) দেবতাঃ প্রাণা ইহ প্রাণাঃ। ওঁ আং
হ্রীং ক্রোং - - ইত্যাদি মম - - - দেবতাঃ জীব ইহ স্থিতঃ। ওঁ আং হ্রীং ক্রোং - - ইত্যাদি মম - - -
দেবতাঃ সর্বেন্দ্রিয়াণি। ওঁ আং হ্রীং ক্রোং - - - ইত্যাদি মম - - - দেবতাঃ বাঙ্মনস্ত্বক্-চক্ষুঃ-শোত্র- ঘ্রাণ
প্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা॥ ওঁ মনোজ্যোতির্জুষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোত্বরিষ্টং
যজ্ঞং সমিমং দধাতু। বিশ্বেদেবা স ইহ মাদয়ন্তা মোম প্রতিষ্ঠ॥" অতঃপর—"ওঁ আং হ্রং ফট্।" মন্ত্রে
দিব্যদৃষ্টির দ্বারা সমস্ত অবলোকনপূর্বক ন্যাসাদি করিবেন।

মাতৃকান্যাস—"অস্য মাতৃকামন্ত্রস্য ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দঃ মাতৃকাসরস্বতী দেবতা, হলো বীজানি,
স্বরা শক্তয়ঃ অব্যক্ত কীলকং সর্বাভীষ্টসিদ্ধয়ে বিনিয়োগঃ। (শিরসি)—ওঁ ব্রাহ্মণে ঋষয়ে নমঃ।
(মুখে)—ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ। (হৃদি)—ওঁ মাতৃকাসরস্বত্যৈ দেবতায়ৈ নমঃ। (গুহ্যে)—ওঁ হলভ্যো
বীজেভ্যো নমঃ। (পাদয়োঃ)—ওঁ স্বরেভ্যঃ শক্তিভ্যো নমঃ। (সর্বাঙ্গে)—ওঁ অব্যক্তায় কীলকায় নমঃ।"

করন্যাস—"ওঁ অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ওঁ ইং চং ছং জং ঝং ঞং তর্জনীভ্যাং
স্বাহা। ওঁ উং টং ঠং ডং ঢং ণং ঊং মধ্যমাভ্যাং বষট্। ওঁ এং তং থং দং ধং নং ঐং অনামিকাভ্যাং
হুং। ওঁ ওং পং ফং বং ভং মং ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্। ওঁ অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং
অঃ করতল পৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্॥"

অঙ্গন্যাস—"ওঁ অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ। ওঁ ইং চং ছং জং ঝং ঞং ঈং শিরসে
স্বাহা। ওঁ উং টং ঠং ডং ঢং ণং ঊং শিখায়ৈ বষট্। ওঁ এং তং থং দং ধং নং ঐং কবচায় হুং। ওঁ ওং

পং ফং বং ভং মং ঔং নেত্রত্রয়ায় বৌষট্। ওঁ অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ অস্ত্রায় ফট্॥"

**অন্তর্মাতৃকান্যাস**—কূর্মমুদ্রায় পুষ্পাদি লইয়া ধ্যান করিবেন। যথা—"ওঁ আধারে লিঙ্গনাভৌ হৃদয়সিজে তালুমূলে ললাটে। দ্বেপত্রে ষোড়শারে দ্বিদশদশদলে দ্বাদশার্দ্ধে চতুষ্কে॥ বাসান্তে বালমধ্যে ড-ফ-ক-ঠ সহিতে কণ্ঠদেশে স্বরাণাং। হং ক্ষং তত্ত্বার্থযুক্তং সকলদলগতং বর্ণরূপাং নমামি॥" ধ্যানান্তে পুষ্পটি তাম্রটাটে বা ঘটে দিয়া ন্যাস করিবেন। যথা—(কণ্ঠে ষোড়শদল পদ্মে)—"ওঁ অং নমঃ, আং নমঃ, ইং নমঃ, ঈং নমঃ, উং নমঃ, ঊং নমঃ, ঋং নমঃ, ৠং নমঃ, ঌং নমঃ, ৡং নমঃ, এং নমঃ, ঐং নমঃ, ওং নমঃ, ঔং নমঃ, অং নমঃ, অঃ নমঃ।" (হৃদয়ে দ্বাদশদলে)—"ওঁ কং নমঃ, খং নমঃ, গং নমঃ, ঘং নমঃ, ঙং নমঃ, চং নমঃ, ছং নমঃ, জং নমঃ, ঝং নমঃ, ঞং নমঃ, টং নমঃ, ঠং নমঃ।" (নাভিতে দশদলে)—"ওঁ ডং নমঃ, ঢং নমঃ, ণং নমঃ, তং নমঃ, দং নমঃ, ধং নমঃ, নং নমঃ, পং নমঃ, ফং নমঃ।" (লিঙ্গমূলে ষড়দলে)—"ওঁ বং নমঃ, ভং নমঃ, মং নমঃ, যং নমঃ, রং নমঃ, লং নমঃ।" (মূলাধারে চতুর্দলে)—"ওঁ বং নমঃ, শং নমঃ, ষং নমঃ, সং নমঃ।" (ভ্রূমধ্যে দ্বিদলে)—"ওঁ হং নমঃ, ক্ষং নমঃ॥"

**বাহ্যমাতৃকান্যাস**—কূর্মমুদ্রায় পুষ্পাদি লইয়া ধ্যান করিবেন। যথা—"ওঁ পঞ্চাশল্লিপিভির্বিভক্ত মুখদোঃ পন্মধ্যবক্ষস্থলাং। ভাস্বন্মৌলিনিবদ্ধচন্দ্রশকলামাপীনতুঙ্গস্তনীম্॥ মুদ্রামক্ষগুণং সুধাঢ্যকলসং বিদ্যাঞ্চ হস্তাম্বুজৈর্বিভ্রানাং। বিশদপ্রভাং ত্রিনয়নাং বাগ্‌দেবতামাশ্রয়ে॥" ধ্যানান্তে পুষ্পটি তাম্রটাটে বা ঘটে দিয়া নিম্নমন্ত্রে দেহের বিভিন্ন স্থান স্পর্শ করিবেন। যথা—"(ললাটে) অং নমঃ।

(মুখে)—আং নমঃ। (দক্ষিণ চক্ষু)—ইং নমঃ। (বাম চক্ষু)—ঈং নমঃ। (দক্ষিণ কর্ণে)—উং নমঃ। (বাম কর্ণে)—ঊং নমঃ। (দক্ষিণ নাসাপুটে)—ঋং নমঃ। (বাম নাসাপুটে)—ৠং নমঃ। (দক্ষিণ গণ্ডে)—ঌং নমঃ। (বামগণ্ডে)—ৡং নমঃ। (কণ্ঠে)—এং নমঃ। (অধরে)—ঐং নমঃ। (উর্ধ দন্তপংক্তিতে)—ওং নমঃ। (মুখবিবরে)—অঃ নমঃ। (দক্ষিণ বাহুমূলে)—কং নমঃ। (কূর্পরে)—খং নমঃ। (মণিবন্ধে)—গং নমঃ। (অঙ্গুলিমূলে)—ঙং নমঃ। (বাম বাহুমূলে)—চং নমঃ। (কূর্পরে)—ছং নমঃ। (মণিবন্ধে)—জং নমঃ। (অঙ্গুলিমূলে)—ঝং নমঃ। (অঙ্গুল্যগ্রে)—ঞং নমঃ। (দক্ষিণ পাদমূলে)—টং নমঃ। (জানুনি)—ঠং নমঃ। (গুলফে)—ডং নমঃ। (অঙ্গুলিমূলে)—ঢং নমঃ। (অঙ্গুলাগ্রে)—ণং নমঃ। (বামপাদমূলে)—তং নমঃ। (জানুনি)—থং নমঃ। (গুলফে)—দং নমঃ। (অঙ্গুলিমূলে)—ধং নমঃ। (অঙ্গুলাগ্রে)—নং নমঃ। (দক্ষিণপার্শ্বে)—পং নমঃ। (বামপার্শ্বে)—ফং নমঃ। (পৃষ্ঠে)—বং নমঃ। (নাভিতে)—ভং নমঃ। (উদরে)—মং নমঃ। (হৃদি)—যং ত্বগাত্মনে নমঃ। (স্কন্ধে)—রং অসৃগাত্মনে নমঃ। (ককুদি)—লং মাংসাত্মনে নমঃ। (স্কন্ধে)—বং মেদাত্মনে নমঃ। (হৃদাদি দক্ষিণহস্তে)—শং অস্থ্যাত্মনে নমঃ। (হৃদাদি বামহস্তে)—ষং মজ্জাত্মনে নমঃ। (হৃদাদি দক্ষিণপাদে)—সং শুক্রাত্মনে নমঃ। (হৃদাদি বামপাদে)—হং প্রাণাত্মনে নমঃ। (হৃদাদি জঠরে)—লং জীবাত্মনে নমঃ। (হৃদাদি মুখে)—ক্ষং পরাত্মনে নমঃ।"

**সংহার মাতৃকান্যাস**—পূর্ববৎ কূর্মমুদ্রায় পুষ্পাদি লইয়া ধ্যান করিবেন। যথা—"ওঁ অক্ষস্রজং হরিণপোত মুদগ্রটঙ্কং, বিদ্যাং করৈরবিরতং দধতীং ত্রিনেত্রাম্। অর্দ্ধেন্দুমৌলিমরুণামরবিন্দবাসাং, বর্ণেশ্বরীং প্রণমত স্তনভারনম্রাম্॥" ধ্যানান্তে পুষ্পটি তাম্রটাটে অথবা ঘটে দিয়া বাহ্যমাতৃকান্যাসের

বিপরীতক্রমে ন্যাস করিবেন। যথা—(হৃদয়াদি মুখে)—ওঁ ক্ষং নমঃ। (হৃদাদি উদরে)—ওঁ লং নমঃ। (হৃদাদি বাম পাদাগ্রে)—ওঁ হং নমঃ। (হৃদাদি দক্ষিণ পাদাগ্রে)—ওঁ লং নমঃ। (হৃদাদি বামহস্তে)—ওঁ ষং নমঃ। (হৃদাদি দক্ষহস্তে)—ওঁ শং নমঃ। (দক্ষস্কন্ধে)—ওঁ বং নমঃ। (হৃদি)—ওঁ যং নমঃ। (উদরে)—ওঁ মং নমঃ। (নাভি)—ওঁ ভং নমঃ। (পৃষ্ঠে)—ওঁ বং নমঃ। (বামপার্শ্বে)—ওঁ ফং নমঃ। (দক্ষিণেপার্শ্বে)—ওঁ পং নমঃ। (বাম পাদাঙ্গুলাগ্রে)—ওঁ নং নমঃ। (অঙ্গুলিমূলে)—ওঁ ধং নমঃ। (গুলফে)—ওঁ দং নমঃ। (জানুনি)—ওঁ থং নমঃ। (বাম পাদমূলে)—ওঁ তং নমঃ। (দক্ষপাদাঙ্গুলাগ্রে)—ওঁ ণং নমঃ। (অঙ্গুলিমূলে)—ওঁ ঢং নমঃ। (গুলফে)—ওঁ ডং নমঃ। (জানুনি)—ওঁ ঠং নমঃ। (পাদমূলে)—ওঁ টং নমঃ। (বাম করাঙ্গুলাগ্রে)—ওঁ ঞং নমঃ। (অঙ্গুলিমূলে)—ওঁ ঝং নমঃ। (মণিবন্ধে)—ওঁ জং নমঃ। (কূর্পরে)—ওঁ ছং নমঃ। (বাহুমূলে)—ওঁ চং নমঃ। (দক্ষিণ হস্তাঙ্গুলাগ্রে)—ওঁ ঙং নমঃ। (অঙ্গুলিমূলে)—ওঁ ঘং নমঃ। (মণিবন্ধে)—ওঁ গং নমঃ। (কূর্পরে)—ওঁ খং নমঃ। (বাহুমূলে)—ওঁ কং নমঃ। (মুখে)—ওঁ অঃ নমঃ। (ব্রহ্মরন্ধ্রে)—ওঁ অং নমঃ। (অধোদন্তপংক্তৌ)—ওঁ ঔং নমঃ। (উর্দ্ধদন্তপংক্তৌ)—ওঁ ওং নমঃ। (অধরে)—ওঁ ঐং নমঃ। (ওষ্ঠে)—ওঁ এং নমঃ। (বামগণ্ডে)—ওঁ ৡং নমঃ। (দক্ষিণ গণ্ডে)—ওঁ ঌং নমঃ। (বামনাসা)—ওঁ ৠং নমঃ। (দক্ষিণনাসা)—ওঁ ঋং নমঃ। (বামকর্ণে)—ওঁ ঊং নমঃ। (দক্ষিণ কর্ণে)—ওঁ উং নমঃ। (বামনেত্রে)—ওঁ ঈং নমঃ। (দক্ষিণনেত্রে)—ওঁ ইং নমঃ। (মুখবৃত্তে)—ওঁ আং নমঃ। (ললাটে)—অং নমঃ। অতঃপর পীঠন্যাস করিবেন।

পীঠন্যাস—স্বহৃদয়ে হস্ত বা পুষ্পদ্বারা—ওঁ আধারশক্তয়ে নমঃ। ওঁ প্রকৃত্যৈ নমঃ। ও কূর্মায়

নমঃ। ওঁ পৃথিব্যৈ নমঃ। ওঁ অনন্তায় নমঃ। ওঁ ক্ষীরসমুদ্রায় নমঃ। ওঁ শ্বেতদ্বীপায় নমঃ। ওঁ মণিমণ্ডপায় নমঃ। ওঁ কল্পবৃক্ষায় নমঃ। ওঁ মণিবেদিকায়ৈ নমঃ। ওঁ রত্নসিংহাসনায় নমঃ। (দক্ষিণ স্কন্ধে)—ওঁ ধর্মায় নমঃ। (বাম স্কন্ধে)—ওঁ জ্ঞানায় নমঃ। (বামোরু)—ওঁ বৈরাগ্যায় নমঃ। (দক্ষিণোরু)—ওঁ ঐশ্বর্যায় নমঃ। (মুখে)—ওঁ অধর্মায় নমঃ। (বাম পার্শ্বে)—ওঁ অজ্ঞানায় নমঃ। (নাভি)—ওঁ অবৈরাগ্যায় নমঃ। (দক্ষিণ পার্শ্বে)—ওঁ অনৈশ্বর্য্যায় নমঃ। (পুনর্হৃদয়ে)—ওঁ অনন্তায় নমঃ। ওঁ পদ্মায় নমঃ। ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ। ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ। ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ। ওঁ সং সত্ত্বায় নমঃ। ওঁ রং রজসে নমঃ। ওঁ তং তমসে নমঃ। ওঁ আং আত্মনে নমঃ। ওঁ অং অন্তরাত্মনে নমঃ। ওঁ পং পরমাত্মনে নমঃ। ওঁ হ্রীং জ্ঞানাত্মনে নমঃ। অতঃপর পূর্বাদি কেশরে তাহাদিগকে পীঠশক্তি মধ্যে যথাক্রমে পীঠমধ্যে ন্যাস করিবেন।

পীঠশক্তির ন্যাস—(পূর্বদ্বারে)—ওঁ হ্রীং গাং গণেশায় নমঃ। (দক্ষিণে)—ওঁ হ্রীং বাং বটুকায় নমঃ। (পশ্চিমে)—ওঁ হ্রীং ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ। (উত্তরে)—ওঁ হ্রীং যাং যোগিনীভ্যোঃ নমঃ। (মধ্যে)—ওঁ শ্মশানায় নমঃ। ওঁ কল্পবৃক্ষায় নমঃ। (তন্মূলে)—ওঁ মণিপীঠায় নমঃ। ওঁ নানালঙ্কারেভ্যোঃ নমঃ। নানামুনিভ্যোঃ নমঃ। নানা দেবেভ্যঃ নমঃ। বহুমাংসাস্থিভ্যঃ নমঃ। ওঁ মোদমানশিবাভ্যঃ নমঃ। ওঁ চতুর্দ্দিক্কুণপমুণ্ডচিতাঙ্গারাস্থিভ্যঃ নমঃ। (মধ্যে অষ্টদল পদ্মমধ্যে)—ওঁ লক্ষ্মৈ নমঃ। ওঁ সরস্বত্যৈ নমঃ। ওঁ রত্যৈ নমঃ। ওঁ প্রীত্যৈ নমঃ। ওঁ কীর্ত্যৈ নমঃ। ওঁ শান্ত্যৈ নমঃ। ওঁ তুষ্ট্যৈ নমঃ। ওঁ পুষ্ট্যৈ নমঃ। (তদুপরি)—ওঁ হ্সৌঃ সদাশিবমহাপ্রেতপদ্মাসনায় নমঃ।

অতঃপর ষোঢ়ান্যাসে অসমর্থপক্ষে সংক্ষেপ ষোঢ়ান্যাস করিবেন।

**সংক্ষেপ ষোঢ়ান্যাস**—(মস্তকে)—ওঁ নমঃ। (ভ্রূদ্বয় মধ্যে)—ওঁ হূং নমঃ। (কণ্ঠে)—ওঁ এং নমঃ। (হৃদয়ে)—ওঁ ক্রীং নমঃ। (নাভিতে)—ওঁ ঐং নমঃ। (লিঙ্গে)—ওঁ ক্লীং নমঃ। (গুহ্যে)—ওঁ সৌঃ নমঃ। (দক্ষিণ বাহুতে)—ওঁ হ্রং নমঃ। (বাম বাহুতে)—ওঁ শ্রীং নমঃ। (দক্ষিণে পাদে)—ওঁ হ্রীং নমঃ। (বামপাদে)—ওঁ ক্রীং নমঃ। (পৃষ্ঠে)—ওঁ ক্রোং নমঃ। অতঃপর ঋষ্যাদিন্যাস করিবেন।

**ঋষ্যাদিন্যাস (একজটা বিষয়ে)**—(শিরসি)—ওঁ অক্ষোভ্য ঋষয়ে নমঃ। (মুখে)—ওঁ বৃহতীচ্ছন্দসে নমঃ। (হৃদি)—ওঁ শ্রীমদেকজটায়ৈ নমঃ। (পাদয়ো)—ওঁ ফট্ শক্তয়ে নমঃ। (সর্বাঙ্গে)—ওঁ হ্রীং হ্রীং ফট্ কীলকায় নমঃ।

**ঋষ্যাদিন্যাস (নীলসরস্বতী বিষয়ে)**—(শিরসি)—ওঁ অক্ষোভ্য ঋষয়ে নমঃ। (মুখে)—ওঁ বৃহতীচ্ছন্দসে নমঃ। (হৃদি)—ওঁ নীলসরস্বত্যৈ দেবতায়ৈ নমঃ। (মূলাধারে)—ওঁ হূং বীজায় নমঃ। (পাদয়োঃ)—ওঁ ফট্ শক্তয়ে নমঃ। (সর্বাঙ্গে)—ওঁ হূং ফট্ চতুর্বর্গ ফললাভে বিনিয়োগঃ।

অনন্তর করাঙ্গন্যাস করিবেন।

**করাঙ্গন্যাস (একজটা বিষয়ে) করন্যাস**—"ওঁ হ্রাং একজটায়ৈ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ওঁ হ্রীং তারিণ্যৈ তর্জনীভ্যাং স্বাহা। ওঁ হ্রূং বজ্রোদকে মধ্যমাভ্যাং বষট্। ওঁ হ্রৈং উগ্রজটে অনামিকাভ্যাং হুং। ওঁ হ্রৌং মহাপ্রতিসরে কনিষ্ঠাভ্যাং বৌষট্। ওঁ হ্রঃ পিঙ্গোগ্রৈকজটে করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্।"

**অঙ্গন্যাস**—"ওঁ হ্রাং একজটায়ৈ হৃদয়ায় নমঃ। ওঁ হ্রীং তারিণ্যৈ শিরসে স্বাহা। ওঁ হ্রূং বজ্রোদকে শিখায়ৈ বষট্। ওঁ হ্রৈং উগ্রজটে কবচায় হুং। ওঁ হ্রৌং মহাপ্রতিসরে নেত্রত্রয়ায় বৌষট্। ওঁ হ্রঃ পিঙ্গোগ্রৈকজটে করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্।"

অথ ব্যাপকন্যাস—শীর্ষাদি পাদান্তং পাদাদি শিরোঽন্তং নাভ্যাদি হৃদয়ান্তকং প্রণবপুটিতং মূলমন্ত্রেণ হস্তাভ্যাং মার্জনমেকধা ব্যাপকন্যাসো করতীতি বোধব্যম্।

কূর্মমুদ্রা

অর্থাৎ মস্তক হইতে পাদদেশ পর্যন্ত, পাদদেশ হইতে শিরোদেশ পর্যন্ত এবং নাভিদেশ হইতে হৃদয় ও হৃদয় হইতে শিরোদেশ পর্যন্ত উভয় করতল দ্বারা প্রণবপুটিত মূলমন্ত্র দ্বারা সপ্তবার, পঞ্চবার অথবা কমপক্ষে তিনবার ব্যাপকন্যাস করিবেন।

অতঃপর কূর্মমুদ্রায় পুষ্পাদি লইয়া দেবীর ধ্যান করিবেন। এখানে তিনপ্রকার ধ্যান দেওয়া হইল, সাধক প্রয়োজনানুসারে দেবীর ধ্যান করিবেন।

## একজটা তারার ধ্যান।

ওঁ প্রত্যালীঢ়পদাং ঘোরাং মুণ্ডমালাবিভূষিতাম্।
খর্বাং লম্বোদরীং ভীমাং ব্যাঘ্রচর্মাবৃতাং কটৌঃ॥
নবযৌবনসম্পন্নাং পঞ্চমুদ্রাবিভূষিতাম্।
চতুর্ভুজাং লোলজিহ্বাং মহাভীমাং বরপ্রদাম্॥

খড়্গাকর্ত্রী সমাযুক্তা সব্যেতর ভুজদ্বয়াম্।
কপালোৎপল সংযুক্তা সব্যপাণি যুগান্বিতাম্॥
পিঙ্গোগ্রৈকজটাং ধ্যায়েন্মৌলাবক্ষোভ্য ভূষিতাম্।
বালার্কমণ্ডলাকার লোচনত্রয় ভূষিতাম্॥
জ্বলচ্চিতামধ্যগতাং ঘোরদংষ্ট্রাং করালিনীম্।
সাবেশ স্মেরবদনাং স্ত্র্যলঙ্কার ভূষিতাম্॥
বিশ্বব্যাপকতোয়ান্তঃ শ্বেতপদ্মোপরিস্থিতাম্।
অক্ষোভ্যোদেবমূর্দ্ধণ্যাস্ত্রিমূর্ত্তি নাগরূপধৃক্॥
মন্ত্র—ওঁ হ্রীং স্ত্রীং হুং ফট্।

## নীলসরস্বতীর ধ্যান

ওঁ প্রত্যালীঢ়পদাং দেবীং মহামায়াং ত্রিলোচনাম্।
সর্ব্বালঙ্কার ভূষাঢ্যাং মহানীল প্রভাং পরাম্॥
খড়্গাং পাশং দক্ষিণে চ বামেন্দী নরমূর্দ্ধতঃ।
দধতঞ্চ সকং দেব্যা ভাবয়েৎ সাধকোত্তমঃ॥
মন্ত্র—ওঁ হ্রীং স্ত্রীং হুং ফট্।

## উগ্রতারার ধ্যান

ওঁ প্রত্যালীঢ় পদার্পিতাঙ্ঘ্রী,
শবহৃদঘোরাট্টহাসাপরা।
খড়্গেন্দীবরকর্ত্রী খর্পরভুজা,
হুঙ্কারবীজোদ্ভবা।
খর্বা নীল বিশাল পিঙ্গল জটাজুটৈকনাগৈর্যুতা,
জাড্যান্ন্যস্য কপালকে,
ত্রিজগতাং হন্ত্যুগ্রতারা স্বয়ম্॥

**মন্ত্র**—হ্রীং স্ত্রীং হুং ফট্।

ধ্যানান্তে পুষ্পটি স্বমস্তকে দিয়া মানসপূজা করিবেন।

**মানসপূজা**—হৃৎপদ্মাসনং দদ্যাৎ সহস্রারচ্যুতামৃতৈঃ। পাদ্যং চরণয়োর্দদ্যাৎ মনস্ত্বর্ঘ্যং নিবেদয়েৎ॥ তেনামৃতেনাচমনীয়ং স্নানীয়ং তেন চামৃতম্। আকাশতত্ত্বং বস্ত্রং স্যাৎ গন্ধঃ স্যাৎ গন্ধতত্ত্বকং॥ চিত্তং প্রকল্পয়েৎ পুষ্পং ধূপং প্রাণান্ প্রকল্পয়েৎ। তেজস্তত্ত্বঞ্চ দীপার্থং নৈবেদ্যং স্যাৎ সুধাম্বুধিঃ॥ অনাহত ধ্বনি ঘণ্টা বায়ুতত্ত্বঞ্চ চামরং। সহস্রারং ভবেৎ ছত্রং শব্দতত্ত্বঞ্চ গীতকম্॥ নৃত্যমিন্দ্রিয় কর্মাণি চাঞ্চল্যং মনসস্তথা। এবম্ সম্পূজ্যার্ঘ্য স্থাপনং কুর্য্যাৎ॥

**অর্থাৎ**—হৃদয়পদ্ম দেবীকে আসনরূপে দিবেন। সহস্রার পদ্ম হইতে ক্ষরিত অমৃত দেবীকে পাদ্য-

রূপে দিবেন। মনকে অর্ঘ্য কল্পনা করিবেন। সহস্রদলপদ্ম ক্ষরিত জলকে আচমনীয় ও স্নানীয় কল্পনা করিবেন। আকাশতত্ত্বকে বস্ত্র ; ক্ষিতিতত্ত্বকে গন্ধ ; অহিংসা, বিজ্ঞান, ক্ষমা, দয়া, অলোভ, অমোহ, অমায়া, অনহঙ্কার, অরাগ, অদ্বেষ—এদের পুষ্প কল্পনা করিবেন। প্রাণকে ধূপ, তেজস্তত্ত্বকে দীপ, সহস্রার ক্ষরিত সুধাকে নৈবেদ্য, বায়ুতত্ত্বকে চামর, আকাশতত্ত্বকে বস্ত্র, ক্ষিতিতত্ত্বকে গন্ধ, অনাহত ধ্বনিকে ঘন্টা, সহস্রদল পদ্মকে ছত্র, শব্দতত্ত্বকে গীতাবাদ্য, ইন্দ্রিয় কর্মসকলকে নৃত্য কল্পনা করিয়া দেবীকে নিবেদন করিবেন। তৎপরে বিশেষার্ঘ্য স্থাপন করিবেন।

## প্রকারান্তর মানসপূজা

হ্রীং স্ত্রীং হূং ফট্ একজটা তারায়ৈ নিবেদয়ামি।
" " " " একজটা তারে স্বাগতম্ সুস্বাগতমিদং তব।
" " " " ইদং সহস্রারামৃতং পাদ্যং একজটা তারায়ৈ নমঃ।
" " " " ইদং সংকল্প-বিকল্পাত্মকং রূপং মনোর্ঘ্যং একজটা তারায়ৈ স্বাহা।
" " " " ইদং সহস্রারামৃতং আচমনীয়ং একজটা তারায়ৈ স্বধা।
" " " " ইদং সহস্রারামৃতং মধুপর্কং একজটা তারায়ৈ বং স্বধা।
" " " " ইদং সহস্রারামৃতং পুনরাচমনীয়ং একজটা তারায়ৈ স্বধা।
" " " " ইদং সহস্রারামৃতং স্নানীয়ং একজটা তারায়ৈ নিবেদয়ামি।
" " " " ইদং আকাশত্মকং বস্ত্রং একজটা তারায়ৈ নিবেদয়ামি।

হ্রীঁং স্ত্রীং হূং ফট্ ইদং সহস্রারাস্থিতং ত্রিবলয়মলঙ্কারং একজটা তারায়ৈ নমঃ।
" " " " এষ মনস্তত্ত্বং গন্ধঃ একজটা তারায়ৈ নিবেদয়ামি।
" " " " অনন্তসন্ধাস্থিকান্তং করণরূপং চিত্তং পুষ্পং একজটা তারায়ৈ বৌষট্।
" " " " যং বায়ব্যাত্মকং ধূপং একজটা তারায়ৈ নিবেদয়ামি।
" " " " বহ্ন্যাত্মকং দীপং একজটা তারায়ৈ নমঃ।
" " " " সহস্রারামৃতং নৈবেদ্যং একজটা তারায়ৈ নমঃ।
" " " " ষট্চক্রপদ্মরূপং পুষ্পাঞ্জলিঃ একজটা তারায়ৈ বৌষট্।

অনেক সাধক এইভাবে মানসপূজা করিয়া থাকেন। সেইজন্য এখানে উভয়প্রকার মানসপূজার উল্লেখ করা হইল। এখানে মন্ত্রসকল একইপ্রকার হইবে। প্রভেদ শুধুমাত্র "একজটা তারায়ৈ" স্থলে "নীলসরস্বত্যৈ" অথবা "উগ্রতারায়ৈ" হইবে।

**বিশেষার্ঘ্য স্থাপন**—স্ববামে নিম্নমুখ ত্রিকোণমণ্ডল জলদ্বারা অঙ্কন করিয়া তন্মধ্যে "হূং" বীজ লিখিয়া মণ্ডলের বাহিরে বৃত্ত, তাহার বাহিরে চতুষ্কোণ মণ্ডল করিয়া তদুপরি গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ।" এইক্রমে—"ওঁ অনন্তায় নমঃ। ওঁ কূর্মায় নমঃ। ওঁ পৃথিব্যৈ নমঃ।" এইরূপে মণ্ডলের পূজাপূর্বক "অস্ত্রায় ফট্" মন্ত্রে ত্রিপদিকা ও শঙ্খ প্রক্ষালন পূর্বক মণ্ডলের উপর স্থাপন করিবেন। অতঃপর "হ্রীঁং স্ত্রীং হূং ফট্" মন্ত্র উচ্চারণপূর্বক বিলোমমাতৃকা পাঠ করিতে করিতে বিশুদ্ধ জলদ্বারা শঙ্খের ত্রিভাগ পূর্ণ করিবেন। যথা—"ওঁ হ্রীঁং ক্ষং হং সং ষং শং বং লং রং যং মং ভং বং ফং পং নং ধং দং থং তং ণং ঢং ডং ঠং টং ঞং ঝং জং ছং চং ঙং

ঘং গং খং কং অঃ অং ঔং ওং ঐং এং ৠং ঌং ঋং ঋং ঊং উং ঈং ইং আং অং হ্রীঁ স্ত্রীং হুং ফট্।"
অতঃপর গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন। যথা—(ত্রিপদিকায়) "এতে গন্ধপুষ্পে ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ। (শঙ্খে)—এতে গন্ধপুষ্পে ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ। (জলে)—এতে গন্ধপুষ্পে ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ।" অতঃপর মূলমন্ত্রে সচন্দন বিল্বপত্রাদি দ্বারা শঙ্খের উপর অর্ঘ্য সাজাইবেন। তৎপরে অঙ্কুশমুদ্রা যোগে সূর্য্যমণ্ডল হইতে মন্ত্র পাঠপূর্বক তীর্থাবাহন করিবেন। যথা—"ওঁ গঙ্গে চ যমুনেচৈব গোদাবরি সরস্বতী। নর্মদে সিন্ধো কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥" তৎপরে—"ওঁ হ্রীং স্ত্রীং হুং ফট্" শ্রীমদেকজটা তারা (নীলসরস্বতী, উগ্রতারে বা) দেবি ইহাগচ্ছ" ইত্যাদি মন্ত্রে সুষুম্না পথে তেজোময়

গালিনী মুদ্রা

দেবীকে (চিন্তাকরত) শঙ্খজলে আনয়নপূর্বক গন্ধপুষ্প দ্বারা শঙ্খে দেবীর পূজা করিয়া "হ্রীং একজটায়ৈ নমঃ" (হ্রীং অখিল বাক্‌রূপিণ্যৈ হৃদয়ায় নমঃ। বা হুং নীলসরস্বত্যৈ হৃদয়ায় নমঃ বা হ্রীং উগ্রতারায়ৈ হৃদয়ায় নমঃ)।" এইক্রমে মূর্তিভেদে দেবীর ষড়ঙ্গন্যাসক্রমে সকলীকরণ করিয়া "হুং" মন্ত্রে অবগুণ্ঠন মুদ্রা প্রদর্শন করতঃ "অস্ত্রায় ফট্" মন্ত্রে গালিনীমুদ্রা প্রদর্শনপূর্বক "ওঁ" মন্ত্রে শঙ্খস্থ জল দর্শন করিয়া মৎস্যমুদ্রা দ্বারা আচ্ছাদনপূর্বক উহাতে মূলমন্ত্র দশবার জপ করিবেন। অতঃপর ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ করিয়া "অস্ত্রায় ফট্" মন্ত্রে সংরক্ষণপূর্বক সেই অর্ঘ্যজল কিঞ্চিৎ সামান্যার্ঘ্যের জলে (কোশায়) দিয়া মূলমন্ত্রে নিজ মস্তকে ও পূজোপকরণাদিতে ছিটাইয়া দিবেন।

অতঃপর পীঠন্যাসক্রমে দেবীর পীঠপূজা করিবেন।

**পীঠপূজা**—(মণ্ডলমধ্যে)—"এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ।" এইক্রমে—"ওঁ প্রকৃত্যৈ নমঃ। ওঁ কূর্মায় নমঃ। ওঁ পৃথিব্যৈ নমঃ। ওঁ অনন্তায় নমঃ। ওঁ ক্ষীরসমুদ্রায় নমঃ। ওঁ শ্বেতদ্বীপায় নমঃ। ওঁ মণিমণ্ডপায় নমঃ। ওঁ কল্পবৃক্ষায় নমঃ। ওঁ মণিবেদিকায়ৈ নমঃ। ওঁ রত্নসিংহাসনায় নমঃ। (দক্ষিণ শাখায়)—ওঁ ধর্মায় নমঃ। (বাম শাখায়)—ওঁ জ্ঞানায় নমঃ। (বামোরু)—ওঁ বৈরাগ্যায় নমঃ। (দক্ষিণোরু)—ওঁ ঐশ্বর্য্যায় নমঃ। (মুখে)—ওঁ অধর্মায় নমঃ। (বামপার্শ্বে)—ওঁ পদ্মায় নমঃ। ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ। ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ। ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ। ওঁ সং সত্ত্বায় নমঃ। ওঁ রং রজসে নমঃ। ওঁ তং তমসে নমঃ। ওঁ আং আত্মনে নমঃ। ওঁ অং অন্তরাত্মনে নমঃ। ওঁ পং পরমাত্মনে নমঃ। ওঁ হ্রীং জ্ঞানাত্মনে নমঃ। ওঁ হ্রীং গাং গণেশায় নমঃ। ওঁ হ্রীং বাং বটুকায় নমঃ। ওঁ হ্রীং ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ। ওঁ হ্রীং বাং যোগিনীভ্যো নমঃ। ওঁ শ্মশানায় নমঃ। ওঁ কল্পবৃক্ষায় নমঃ। ওঁ মণিপীঠায় নমঃ। ওঁ নানালঙ্কারেভ্যো নমঃ। ওঁ নানামুনিভ্যো নমঃ। ওঁ নানাদেবেভ্যো নমঃ। ওঁ রক্তমাংসাস্থিভ্যো নমঃ। ওঁ মোদমানশিবাভ্যো নমঃ। ওঁ চতুর্দিক্ষু শবমুণ্ডচিতাঙ্গারাদিভ্যো নমঃ। ওঁ লক্ষ্ম্যৈ নমঃ। ওঁ সরস্বত্যৈ নমঃ। ওঁ রত্যৈ নমঃ। ওঁ প্রীত্যৈ নমঃ। ওঁ কীর্ত্ত্যৈ নমঃ। ওঁ শান্ত্যৈ নমঃ। ওঁ তুষ্ট্যৈ নমঃ। ওঁ পুষ্ট্যৈ নমঃ। ওঁ হ্‌সৌঃ সদাশিবমহাপ্রেতপদ্মাসনায় নমঃ।" অতঃপর বেদীশোধন করিবেন।

**বেদীশোধন**—শোধিত পঞ্চগব্য দ্বারা মন্ত্র পাঠান্তে বেদীশোধন করিবেন। যথা—"ওঁ বেদ্যাঃ বেদিঃ সমাপ্যতে বর্হিষা বর্হিরিন্দ্রিয়ম্। যূপেন যূপ আপ্যায়তাং প্রণীতোঽগ্নিরগ্নিনা॥"

অতঃপর বিতানশোধন করিবেন।

**বিতানশোধন**—"ওঁ উর্দ্ধ উ ষু ন উত্তয়ে, তিষ্ঠা দেবো ন সবিতা। উর্দ্ধোবাজস্য সবিতা যথাঞ্জিভির্বাঘত্তিভিহ্বয়া মহে॥" মন্ত্র পাঠপূর্বক শোধিত পঞ্চগব্য দ্বারা বিতানশোধন করিবেন। অতঃপর ঘটস্থাপন করিবেন।

**ঘটস্থাপন**—নাতিহ্রস্ব নাতিদীর্ঘ অচ্ছিদ্র সুদৃঢ় ঘট গ্রহণ করতঃ "ক্রীং" মন্ত্রে প্রোক্ষণ করিয়া "ঐং" মন্ত্রে শোধন করতঃ "হ্রীং" মন্ত্রে মণ্ডলে ঘটস্থাপন করিবেন। পরে "হ্রীং" মন্ত্রে জলদ্বারা ঘট পূরণ করিয়া ঘটস্থ জলের উপর করযোড়ে নিম্নমন্ত্রে তীর্থ আবাহন করিবেন। যথা—"ওঁ ক্রোং গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতী। নর্মদে সিন্ধুকাবেরী জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥ ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ। সর্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি জলদা নদাঃ॥ হ্রদাঃ প্রস্রবণাঃ পুণ্যাঃ স্বর্গ পাতালভূগতাঃ। সর্বতীর্থানি পুণ্যানি ঘটে কুর্বন্তু সন্নিধিম্॥" "হ্রীং" মন্ত্রে ঘটে পল্লব দিবেন। "হুং" মন্ত্রে ঘটে সশীষ ডাব দিবেন। পরে "শ্রীং" মন্ত্রে স্থিরীকরণ করিবেন। পরে "রং" মন্ত্রে সিন্দুর দিবেন। "যং" মন্ত্রে পুষ্প দিবেন। "শং" মন্ত্রে দূর্বা দিবেন। "ওঁ" মন্ত্রে অভ্যুক্ষণ করিয়া "হুং ফট্ স্বাহা" মন্ত্রে ঘট তাড়ন করিবেন। অতঃপর ঘটে হস্তপ্রদান পূর্বক মন্ত্র পাঠ করিবেন। যথা—"ওঁ হ্রীং স্থাং স্থিং স্থিরো ভব।" অতঃপর কাণ্ডরোপণ ও সূত্রবেষ্টন করিবেন।

**কাণ্ডরোপণ**—তীরকাঠি স্পর্শ করিয়া পাঠ করিবেন। যথা—"ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তি পরুষ পরুষস্পরি। এক নো দূর্বে প্রতনু সহস্রেন শতেন চ॥"

**সূত্রবেষ্টন**—"ওঁ সুত্রামানং পৃথিবীং দ্যামনেহসং সুশর্মাণমদিতিং সুপ্রণীতিম্। দৈবীং নাবং স্বরিত্রা

ওঁ মনাগমত্রবন্তি মা কহেমা স্বস্তয়ে॥"

এই মন্ত্র পাঠপূর্বক রক্তসূত্র দ্বারা বেষ্টন করিবেন। অতঃপর গণেশাদির পূজা করিবেন।

**গণেশাদির পূজা ঃ গণেশের ধ্যান—**

ওঁ খর্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরম,
প্রস্যন্দন্মদগন্ধলুব্ধমধুপব্যালোল গণ্ডস্থলম্।
দন্তাঘাত বিদারিতারি রুধিরৈঃ সিন্দুর শোভাকরং,
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কামদম্॥

"এষ গন্ধঃ ওঁ গাং গণেশায় নমঃ। এতৎ পুষ্পম্ ওঁ গাং গণেশায় নমঃ। এষ ধূপঃ ওঁ গাং গণেশায় নমঃ। এষ দীপঃ ওঁ গাং গণেশায় নমঃ। এতন্নৈবেদ্যম্ ওঁ গাং গণেশায় নমঃ।" এইক্রমে পঞ্চোপচারে পূজাপূর্বক প্রণাম করিবেন।

**প্রণাম মন্ত্র—** ওঁ একদন্তং মহাকায়ং লম্বোদর গজানন।
বিঘ্ননাশ করং দেবং হেরম্বং প্রণমাম্যহম্॥

**সূর্য্যের ধ্যান—**ওঁ রক্তাম্বুজাসনমশেষ গুণৈকসিন্ধুং,
ভানুং সমস্তজগতামধিপং ভজামি।
পদ্মদ্বয়াভয়বরান্ দধতং করাব্জৈ-
র্মাণিক্যমৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্॥

"এষ গন্ধঃ ওঁ শ্রীসূর্য্যায় নমঃ।" এইক্রমে পঞ্চোপচারে পূজা করিয়া প্রণাম করিবেন।

**প্রণাম মন্ত্র—** ওঁ জবাকুসুম সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥

**বিষ্ণুর ধ্যান—** ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডল মধ্যবর্তী
নারায়ণ সরসিজাসন সন্নিবিষ্টঃ কেয়ূরবান্
মকরকণককুণ্ডলবান্ কিরীটিহারী,
হিরন্ময়বপুর্ধৃত শঙ্খ চক্রঃ॥

"এষ গন্ধঃ ওঁ শ্রীবিষ্ণবে নমঃ" ইত্যাদি মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিয়া প্রণাম করিবেন।

**প্রণাম মন্ত্র—** ওঁ নমো ব্রহ্মণ্য দেবায় গোব্রাহ্মণ হিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥

**শিবের ধ্যান—** ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং,
রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতি হস্তং প্রসন্নম্।
পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈঃ ব্যাঘ্রকৃত্তিং বসানং।
বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিল ভয়হরং
পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্॥

"এষ গন্ধঃ ওঁ নমঃ শিবায়।" মন্ত্রে পঞ্চোপচারে পূজাপূর্বক প্রণাম করিবেন।

**প্রণাম মন্ত্র—** ওঁ নমো শিবায় শান্তায় কারণত্রয় হেতবে।
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বরঃ॥

**জয়দুর্গার ধ্যান**—ওঁ কালাভ্রাভাং কটাক্ষৈররিকুল ভয়দাং
মৌলিবন্ধেন্দু রেখাং,
শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপি করৈঃ
রুদ্বহন্তীং ত্রিনেত্রাম্।
সিংহস্কন্ধাধিরূঢ়াং ত্রিভুবন মখিলং
তেজসা পূরয়ন্তীং।
ধ্যায়েদ্দুর্গাং জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাম্,
সেবিতাং সিদ্ধিকামৈঃ॥

"এষ গন্ধঃ হ্রীং ওঁ জয় দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিয়া প্রণাম করিবেন।

**প্রণাম মন্ত্র**— ওঁ সর্বমঙ্গলে মঙ্গল্যে শিবে সর্বার্থ সাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরী নারায়ণি নমোঽস্তুতে॥

